

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

জনসংযোগ অধিশাখা

১৭ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

সিনিয়র সচিব হিসেবে নিয়োগ পাওয়ায় জনাব মোঃ আলমগীরকে অভিনন্দন জানানো
নির্বাচন কমিশন

সরকারের সিনিয়র সচিব হিসেবে নিয়োগ পাওয়ায় নির্বাচন কমিশন সচিবালয়ের সচিব জনাব মোঃ আলমগীর-কে নির্বাচন কমিশনের পক্ষ থেকে অভিনন্দন জানানো হয়েছে। আজ সকালে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা তাঁর দপ্তরে সরকারের সিনিয়র সচিব জনাব মোঃ আলমগীর-কে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এ সময় মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল শাহাদাত হোসেন চৌধুরী (অব.), নির্বাচন কমিশন সচিবালয়ের অতিরিক্ত সচিব জনাব মোঃ মোখলেসুর রহমান এবং নির্বাচন কমিশন সচিবালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

অভিনন্দন জ্ঞাপন অনুষ্ঠানে মাননীয় প্রধান নির্বাচন কমিশনার জনাব কে এম নূরুল হুদা বলেন, নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য প্রথমবারের মতো সরকারের একজন সিনিয়র সচিব পাওয়া নিঃসন্দেহে একটি বড় অর্জন। সততা, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করলে মানুষ যে তার ফল পায় তার বড় উদাহরণ হলো জনাব মোঃ আলমগীর। এসময় মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল শাহাদাত হোসেন চৌধুরী (অব.) জনাব মোঃ আলমগীর এর সাদামাটা জীবন প্রণালী ও কর্তব্য নিষ্ঠার প্রশংসা করেন।

অনুষ্ঠানে নির্বাচন কমিশন সচিবালয়ের সিনিয়র সচিব জনাব মোঃ আলমগীর তাঁর জীবনের বিভিন্ন স্মৃতির কথা তুলে ধরেন। অতিরিক্ত সচিব জনাব মোঃ মোখলেসুর রহমান ও অন্যান্য কর্মকর্তাগণ জনাব আলমগীরের নির্মোহ জীবন যাপনের প্রশংসা করেন। পরে নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠপর্যায়ের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে জনাব মোঃ আলমগীর-কে ফুল দিয়ে অভিনন্দন জানানো হয়।

গতকাল ১৬ সেপ্টেম্বর ২০১৯ জনপ্রশাসন মন্ত্রণালয় জনাব মোঃ আলমগীরকে সিনিয়র সচিব হিসেবে নিয়োগ করে নির্বাচন কমিশন সচিবালয়ে পদায়ন করে।

উল্লেখ্য, জনাব মোঃ আলমগীর গত ১০ জুন, ২০১৯ তারিখে সচিব হিসেবে নির্বাচন কমিশন সচিবালয়ে যোগদান করেন। ইতঃপূর্বে তিনি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে সচিব হিসেবে কর্মরত ছিলেন।

জনাব মোঃ আলমগীর ১৯৮৬ সালে বিসিএস (প্রশাসন) ক্যাডারে চাকুরী জীবন শুরু করেন। শিক্ষা জীবনে তিনি ১৯৮২ সালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগ হতে অনার্স এবং ১৯৮৩ সালে একই বিষয়ে এমএসএস ডিগ্রী অর্জন করেন।


১৭/০৯/১৯
(মোহঃ ইসরাইল হোসেন)

পরিচালক (জনসংযোগ)

ফোন: ৫৫০০৭৫২০